## জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি'র নভেম্বর-২০২৫ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মিজ্ অন্নপূর্ণা দেবনাথ<br>জেলা প্রশাসক, কুড়িগ্রাম |
| সভার তারিখ | : | ৩০ নভেম্বর, ২০২৫ খ্রি. |
| সভার সময় | : | বিকাল ৩:০০ ঘটিকা |
| সভার স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, কুড়িগ্রাম |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | নুরা হেলথ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, এ জেলায় কেয়ার কম্পানিয়ন প্রোগ্রাম (CCP) নামে একটি প্রকল্প চলমান। এ প্রকল্পের আওতায় নভেম্বর-২০২৫ মাসে কুড়িগ্রাম জেলার ১টি জেলা হাসপাতাল এবং ৮টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মাস্টার ট্রেইনার নার্সগণ রোগী ও রোগীর পারিবারিক পরিচর্যাকারীদের স্বাস্থ্যশিক্ষামূলক মোট ১৪৭ টি সেশন পরিচালনা করেছেন। মোট ৫৬৫৭ জন রোগী এবং রোগীর স্বজনদের স্বাস্থ্যশিক্ষা প্রদান করা হয়েছে, এর মধ্যে ফোনভিত্তিক স্বাস্থ্য সেবায় অন্তর্ভূক্ত হয়েছে ২৭১৬ জন। স্বাস্থ্য শিক্ষার আওতায় ছয়টি মূল বিষয়ের উপর সচেতনতামূলক সেশন আয়োজন করা হয়েছে, তন্মধ্যে SCANU (স্ক্যানু)–০১ সেশন এ অংশগ্রহণকারী ৪১ জন, ANC (গর্ভকালীন পরিচর্যা)-৪৮ টি সেশন, অংশগ্রহণকারী ২০২১ জন, PNC (প্রসূতি পরবর্তী পরিচর্যা)-২২ টি সেশন, অংশগ্রহণকারী ৫২০ জন, General Medicine (সাধারণ চিকিৎসা)-২৪টি সেশন, অংশগ্রহণকারী ১১৮৯ জন, General Surgery (সাধারণ শল্য চিকিৎসা)–১৮টি সেশন, অংশগ্রহণকারী ৬৯৩ জন, NCD (অসংক্রামক রোগ)-৩৪টি সেশন, অংশগ্রহণকারী ১১৯৩ জন। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সকল কার্যক্রম বাস্তবায়নে ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট এনজিও |
| ০২ | উপজেলা পর্যায়ে এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভা ফলপ্রসূ করার উপর সভাপতি গুরুত্বারোপ করেন। উপজেলা নির্বাহী অফিসারগণ তাদের এলাকায় কার্যক্রম পরিচালনাকারী এনজিওসমূহের তালিকা সংরক্ষণ করবেন এবং এনজিওসমূহ মাসিক সভায় তাদের কার্যক্রমের বিবরণসহ প্রত্যেক এনজিও কর্তৃক এফডি-৬ দাখিল করার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়াও উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে স্থানীয় প্রশাসনকে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়। বিশেষত কোনও প্রকল্প আরম্ভ করার সময় স্থানীয় প্রশাসনকে অবহিতকরণ/কর্মশালা আয়োজন করা হলে অংশীজন প্রকল্পটি সম্পর্কে স্পষ্ট ধারণা লাভ করতে সক্ষম হন। এনজিওসমূহের প্রকল্প সমাপনী প্রত্যয়নের ক্ষেত্রে প্রকল্পের ব্যয় বিবরণী প্রত্যয়ন আবেদনে সংযুক্ত করার বিষয়ে সভায় উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | ১। সকল উপজেলায় প্রতি মাসে উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় সভা আয়োজন করতে হবে।<br>২। উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে স্থানীয় প্রশাসনকে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত করতে হবে।<br>৩। নতুন প্রকল্প শুরু করার ক্ষেত্রে স্থানীয় প্রশাসনকে অবহিত করতে হবে।<br>৪। প্রকল্প সমাপনান্তে প্রত্যয়ন আবেদনে ব্যয় বিবরণী সংযুক্ত করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম<br>২। এনজিও (সকল), কুড়িগ্রাম |

চলমান পাতা-০২

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৩ | সভাপতি এনজিওসমূহকে সংশ্লিষ্ট বিভাগের সঙ্গে সমন্বয় করে কাজ করার নির্দেশনা প্রদান করেন। এসময় তিনি আরো বলেন যে, প্রতিবন্ধীদের ডিভাইস দেয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসারকে অবহিত করা এবং শারদীয় দুর্গাপূজা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তা করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ১। এনজিওসমূহকে সংশ্লিষ্ট বিভাগের সঙ্গে সমন্বয় করে কাজ করতে হবে।<br>২। প্রতিবন্ধীদের মাঝে ডিভাইস বিতরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসারকে অবহিত করতে হবে। | এনজিও (সকল), কুড়িগ্রাম |
| ০৪ | কোনও কৃষি জমি অনাবাদি না রেখে শাক-সবজিসহ বিভিন্ন ফসল উৎপাদনে জনসাধারণকে উদ্বুদ্ধ করতে সচেতনতামূলক প্রচারণা জোরদারের বিষয়ে সভায় আলোচনা হয়। | কোনও কৃষি জমি যাতে অনাবাদি না থাকে এ বিষয়ে সকল এনজিওকে সমন্বিত পদক্ষেপ গ্রহণ করতে হবে। | এনজিও (সকল), কুড়িগ্রাম |
| ০৫ | কুড়িগ্রাম এনজিও পোর্টালের ব্যয় নির্বাহের নিমিত্ত সকল সংস্থা কর্তৃক নির্ধারিত বার্ষিক ফি সোনালী ব্যাংক পিএলসি, কুড়িগ্রাম শাখায় আগামী ১০ কার্যদিবসের মধ্যে চলতি হিসাব নং- ৫২০৮৪৩৩০১৪০২৪ এ জমা প্রদান করার বিষয়ে আলোচনা হয়। | এনজিও পোর্টালের ব্যয় নির্বাহের নিমিত্ত বার্ষিক ফি নিয়মিতভাবে জমা প্রদান করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ (সকল), কুড়িগ্রাম |
| ০৬ | প্রাকৃতিক দুর্যোগকালীন সময়ে সরকারি বিভিন্ন বিভাগের পাশাপাশি বেসরকারি সংস্থা এনজিওসমূহ কর্তৃক উপকারভোগীদের মাঝে বিভিন্ন ধরনের ত্রাণ ও সাহায্য সহযোগিতা প্রদান করার বিষয়ে আলোচনা হয়। | সকল বেসরকারি সংস্থা এনজিওসমূহ কর্তৃক প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় উপকারভোগীদের মাঝে ত্রাণ ও সাহায্য সহযোগিতা প্রদান করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ (সকল), কুড়িগ্রাম |
| ০৭ | সকল সংস্থাকে ওয়েব পোর্টাল থেকে জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার নোটিশ ও কার্যবিবরণী ডাউনলোডসহ নিজ সংস্থার কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত এড্রেসে (ই-মেইল: acgenkurigram@mopa.gov.bd) নিয়মিত প্রেরণ করার জন্য সভায় আলোচনা করা হয়। | সকল এনজিও কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন (ই-মেইল: acgenkurigram @mopa.gov.bd) নিয়মিত প্রেরণ করতে হবে। | এনজিও (সকল), কুড়িগ্রাম |
| ০৮ | কুড়িগ্রাম জেলায় শতভাগ স্যানিটেশন বাস্তবায়ন/অর্জনের জন্য সকল এনজিওকে অগ্রণী ভূমিকা পালনসহ সুপেয় পানির অভাব পূরণের বিষয়ে কার্যক্রম বেগবান করার বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন। | শতভাগ স্যানিটেশন বাস্তবায়ন এবং বন্যার সময় সুপেয় পানির অভাব পূরণের লক্ষ্যে সকল এনজিওকে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | এনজিও (সকল), কুড়িগ্রাম |
| ০৯ | বিভিন্ন এনজিওর উপকারভোগীদের ছেলে/মেয়েরা যাতে নিয়মিতভাবে স্কুলে যায় সে জন্য তাদেরকে সচেতন করার অনুরোধ জানানো হয়। বিষয়টিকে সর্বোচ্চ প্রাধান্য দেয়ার জন্য সকল এনজিও/সংস্থাকে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | এনজিও উপকারভোগীদের ছেলে/মেয়েরা যেন নিয়মিতভাবে স্কুলে যায় সে বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ (সকল), কুড়িগ্রাম |
| ১০ | এ জেলায় সকল শিশুর জন্ম নিবন্ধন এবং মৃত ব্যক্তিদের মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে ডিজিটাল সনদ তৈরির জন্য জনসাধারণের মাঝে সচেতনতামূলক প্রচার-প্রচারণা চালানোর দৃশ্যমান ও কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জন্ম এবং মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে ডিজিটাল সনদ তৈরির সচেতনতা বৃদ্ধির কার্যক্রম গতিশীল করতে হবে। | এনজিও (সকল), কুড়িগ্রাম |
| ১১ | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল বাংলাদেশ, কুড়িগ্রাম আগামী সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তাদের কার্যক্রম উপস্থাপন করবেন মর্মে আলোচনা হয়। সংস্থা কর্তৃক সম্পাদিত বিভিন্ন প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্পসমূহ বাস্তবায়নে প্রতিবন্ধকতাসমূহ ও লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করার বিষয়ে সভায় পরামর্শ প্রদান করা হয়। | পরবর্তী সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপনের সার্বিক প্রস্তুতি গ্রহণ করতে হবে। | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল বাংলাদেশ, কুড়িগ্রাম |

চলমান পাতা-০৩

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১২ | জেলা ও উপজেলায় এনজিও বিষয়ক সভায় সংশ্লিষ্ট সকল এনজিও নিয়মিত অংশগ্রহণ করবেন। জেলা ও উপজেলা থেকে এনজিওর সার্বিক কার্যক্রম আরো ফলপ্রসূ করার জন্য জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট সরকারি দপ্তরের কর্মকর্তাগণকে অবহিতকরণ ও তদারকির আহ্বান জানাতে হবে মর্মে সভায় সভাপতি গুরুত্বারোপ করেন। | জেলা ও উপজেলায় এনজিও বিষয়ক সভায় সকল এনজিওসমূহের নিয়মিত অংশগ্রহণ করতে হবে এবং এনজিওর সার্বিক কার্যক্রম ফলপ্রসূ করার জন্য সরকারি দপ্তরের কর্মকর্তাগণকে তদারকি করতে হবে। | এনজিও (সকল), কুড়িগ্রাম |
| ১৩ | সকল এনজিও তাদের প্রকল্পগুলো নিয়মানুযায়ী/নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন করবেন এবং প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিতকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | এনজিও প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন যথাসময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে। | এনজিও (সকল), কুড়িগ্রাম |
| ১৪ | নির্বাচনকালীন সময়ে সকলের সহযোগিতা কামনা করে সভাপতি নির্বাচন ও গণভোট নিয়ে জনগণের মাঝে সচেতনতা কার্যক্রম পরিচালনা করার অনুরোধ জানান। | নির্বাচনকালীন সময়ে জনগণের মাঝে সচেতনতা কার্যক্রম পরিচালনা করতে হবে। | এনজিও (সকল), কুড়িগ্রাম |
| ১৫ | সভাপতি চরাঞ্চলে শিক্ষার মানোন্নয়ন, মানুষের চিকিৎসাসেবা নিশ্চিতকরণ, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন করতে সংশ্লিষ্ট এনজিও প্রধানগণকে সভায় অনুরোধ করেন। তিনি সভায় আরও জানান যে, স্থানীয় জনগণের কর্মসংস্থান সৃষ্টি করাসহ চরের উন্নয়নের মাধ্যমে সামাজিক উন্নয়ন নিশ্চিত হবে। তাছাড়া, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ঘটলে মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন ঘটবে। ফলে অবহেলিত পিছিয়ে পড়া জনপদ SDG goal-9 এ উল্লিখিত অন্তর্ভূক্তিমূলক উন্নয়নের মূলধারায় যুক্ত হবে এবং শতবছরের অবহেলিত পিছিয়ে পড়া জনপদের উন্নয়ন নিশ্চিতকল্পে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বিভিন্ন চরের কার্যক্রম সম্প্রসারণ করার বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন। সভায় সম্প্রতি চরের বিভিন্ন উন্নয়নে গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট চরে গিয়েই সম্পন্ন করার করার জন্য সংশ্লিষ্ট এনজিওদের নির্দেশনা প্রদান করেন। শতবছরের অবহেলিত পিছিয়ে পড়া চরাঞ্চলের মানুষের কর্মসংস্থান সৃষ্টি ও আর্থসামাজিক উন্নয়নে ক্ষুদ্র ও কুটির শিল্প/শিল্পকারখানা স্থাপন করার বিষয়ে সভাপতি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও মাদক নির্মূলে সকলকে একসাথে কাজ করার বিষয়ে সভাপতি সভায় গুরুত্বারোপ করেন। | ১। চরাঞ্চলে শিক্ষার উন্নয়ন, মানুষের চিকিৎসাসেবা নিশ্চিতকরণ, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন করতে হবে।<br>২। স্থানীয় জনগণের কর্মসংস্থান সৃষ্টি করাসহ চরের উন্নয়নের মাধ্যমে সামাজিক উন্নয়ন সার্বিকভাবে প্রতিষ্ঠিত করতে হবে।<br>৩। সম্প্রতি চরের বিভিন্ন উন্নয়নে গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট চরে গিয়েই সম্পন্ন করতে হবে।<br>৪। চরাঞ্চলের মানুষের কর্মসংস্থান সৃষ্টি ও আর্থসামাজিক উন্নয়নে ক্ষুদ্র ও কুটির শিল্প/শিল্পকারখানা স্থাপন করার উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৫। মাদক নির্মূলে একসাথে কাজ করতে হবে। | সংশ্লিষ্ট এনজিও প্রধানগণ, কুড়িগ্রাম |
| ১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম সভায় বলেন যে, এ জেলায় স্থানীয়ভাবে ক্ষুদ্র ও কুটির শিল্পের বিভিন্ন পণ্য উৎপাদিত হলেও মার্কেটিং চ্যানেল না থাকায় স্থানীয় ক্ষুদ্র ও কুটির শিল্প বিলুপ্তির পথে। এসময় তিনি মার্কেটিং চ্যানেল নিয়ে সকলকে কাজ করার আহ্বান জানান। এছাড়াও তিনি ড্রিম ফেয়ার (Dream Fair) আয়োজন করার উপর গুরুত্বারোপ করেন। এবিষয়ে তিনি আরও বলেন, ড্রিম ফেয়ার আয়োজন করার মাধ্যমে বেকারদের কর্মসংস্থানের সুযোগ করে দেয়া সম্ভব। এছাড়াও তিনি বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের নিয়ে কাজ করার পাশাপাশি সংশ্লিষ্ট এনজিওসমূহকে মানসিক স্বাস্থ্য নিয়ে কাজ করার আহ্বান জানান। | ১। মার্কেটিং চ্যানেল তৈরি করার উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>২। ড্রিম ফেয়ার (Dream Fair) আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট এনজিও প্রধানগণ, কুড়িগ্রাম |

০২। পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি গৃহীত সিদ্ধান্তগুলো বাস্তবায়নে এবং এনজিওসমূহ কর্তৃক প্রদত্ত সেবা দৃশ্যমান ও জনবান্ধব করাসহ কুড়িগ্রাম জেলাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তি:

১। এনজিও প্রতিষ্ঠানসমূহের মাসিক অগ্রগতি প্রতিবেদন-০৬ (ছয়) পাতা।

স্বাক্ষরিত/-
(অন্নপূর্ণা দেবনাথ)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি, কুড়িগ্রাম

নম্বর-০৫.৪৭.৪৯০০.০০৩.০৮.০০১.২২-৭৫৬(৬৫)

তারিখ: ১৫ অগ্রহায়ণ, ১৪৩২
৩০ নভেম্বর, ২০২৫

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্লট-ই-১৩/বি, আগারগাঁও, ঢাকা

২. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর

৩. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম

৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম

৫. ..................................., কুড়িগ্রাম

Arshad
৩০/১১/২৫

(রুপচাঁদ)
সহকারী কমিশনার
সাধারণ শাখা
ও
সদস্য-সচিব
জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
কুড়িগ্রাম

**এনজিও প্রতিষ্ঠানসমূহের মাসিক অগ্রগতি প্রতিবেদন:**

| ক্রম | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ১ | টেরেডেস্ হোমস্ ফাউন্ডেশন, ইটালী, কুড়িগ্রাম | টেরেডেস্ হোমস্ ফাউন্ডেশন, ইটালী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান অক্টোবর-২০২৫ মাসে কুড়িগ্রাম সদর ও চিলমারী উপজেলায় বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে দুঃস্থ পরিবারের অধ্যয়নরত মোট ১০৪ জনকে শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে। এছাড়াও কুড়িগ্রাম সদর ও চিলমারী উপজেলায় বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয় এবং মহা বিদ্যালয়ে দুঃস্থ পরিবারের অধ্যয়নরত মোট ১৩১ জনকে শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে। কুড়িগ্রাম সদর ও চিলমারী উপজেলায় ২ টি কিশোর ক্লাবের নিয়মিত কার্যক্রম অব্যাহত রয়েছে। উক্ত কার্যক্রমের মধ্যে রয়েছে জীবন দক্ষতামূলক প্রশিক্ষণ, বই পড়া, দৈনিক পত্রিকা পড়া, খেলাধুলা এবং আলোচনা। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ২ | ইএসডিও, কুড়িগ্রাম | ইএসডিও, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান সংস্থার তত্ত্বাবধানে ০৮টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। তিনি জানান যে, নভেম্বর-২৫ মাসে ১. বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্প ৩টি উপজেলায় ২৬টি ইউনিয়নে বিভিন্ন কাজ চলমান রয়েছে। ২. Actions to Climate change Ensuring Sustanable Solutiions (ACCESS) প্রকল্পের ৩টি উপজেলায় ৯টি ইউনিয়নে উপকারভোগী সংখ্যা ১৫,০০০ জন ৩. SEEDS (Socio Economic Empowerment with Dignity and Sustainability প্রকল্পের ৩টি উপজেলায় ০৯টি ইউনিয়নে উপকারভোগী পরিবার ৩,০০০ জন ৪. Community Support Inclusive Equitable Education Across School in Kurigram District প্রকল্পের কুড়িগ্রাম সদরের ৫টি ইউনিয়নে উপকারভোগী সংখ্যা ১৫,০০০ জন ৫. Empowering Children throw Education (FCE) Project প্রকল্পে রাজারহাট উপজেলায় ০৭টি ইউনিয়নে শিক্ষার্থীর সংখ্যা ৮,৬২১ জন ৬. Pathways to Prosperity for Extremely Poor People (PPEPP) ২টি উপজেলার ০৪টি ইউনিয়নে উপকারভোগী পরিবার ১০,৭৪৪ জন। তিনি আরও জানান যে, বিভিন্ন প্রকল্পের আওতায় সচেতনতামূলক সেশন ও বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| | ফ্রেন্ডশিপ, কুড়িগ্রাম | ফ্রেন্ডশিপ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে, এ জেলায় মোট ২০ টি প্রকল্পের কাজ চলমান। তন্মধ্যে নভেম্বর-২০২৫ মাসে Integrated Community Based Primary Health Care Model Preject এর আওতায় ৮৭ টি স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে বিভিন্ন চরের ১১,৫৬৬ জনকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। Friend EPI Support Program এর মাধ্যমে ১২০ টি ইপিআই সেশনে ৩,৩৯৫ জন শিশু ও ৮৩৫ জন নারীকে সেবা দেয়া হয়েছে। এছাড়াও বিভিন্ন প্রকল্পের আওতায় ২৯০ জনকে ভায়া চেকআপ করা হয়েছে, ৪০ টি লিগ্যাল বুথের মাধ্যমে শিশু ও নারী অধিকার, মানবাধিকার, যৌতুক, বাল্যবিবাহসহ বিভিন্ন বিষয়ে সামাজিক সচেতনতা কার্যক্রম চলমান রয়েছে। সদর উপজেলায় ৩৬০ জন এবং চিলমারী উপজেলায় ১০০ জন উপকারভোগীর মাঝে বিভিন্ন সবজির বীজ বিতরণ করা হয়েছে। প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা নিয়ে কাজ করার পাশাপাশি গরীব ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা বৃত্তি প্রদান করা হচ্ছে। এর আওতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীকে উচ্চ শিক্ষা চালিয়ে যেতে ৪০০০/- টাকা উপবৃত্তি প্রদান করা হয়। তিনি বিভিন্ন প্রকল্পের আওতায় সচেতনতামূলক মাসিক সভা আয়োজন করা হয়েছে। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ৪ | সেন্টার ফর ডিজএবিলিটি ইন ডেভলপম্যান্ট-(সিডিডি) | সিডিডি, কুড়িগ্রাম প্রতিনিধি সভায় জানান যে, কুড়িগ্রাম সদর উপজেলার যাত্রাপুর ইউনিয়নে সরকারি প্রতিবন্ধী ও সাহায্য সেবা কেন্দ্রের সহযোগিতায় বিনামূল্যে ৩ টি মোবাইল ভ্যান ক্যাম্প, ৯ টি ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা এবং যাত্রাপুর ইউনিয়নে প্রতিবন্ধী ব্যক্তিদের স্ব-সহায়ক দলের ৭ টি সভা করা হয়েছে। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ৫ | গুড নেইবারস বাংলাদেশ কুড়িগ্রাম সিডিপি | গুড নেইবারস বাংলাদেশ, কুড়িগ্রাম এর প্রতিনিধি জানান দীর্ঘদিন যাবত বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন কার্যক্রম যেমন: শিশু উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য ও শিশু অধিকার, সংক্রান্ত কর্মকান্ড; নারী উন্নয়ন সমবায়ভিত্তিক আয়বৃদ্ধি এবং প্রজনন স্বাস্থ্য ও স্বাস্থ্য ও নারী উন্নয়ন, যুব উন্নয়ন, স্থানীয় যুবকদের কর্মমুখী শিক্ষা ও স্থানীয় স্বেচ্ছা সেবা কার্যক্রম এবং দুর্যোগ সক্ষমতা বৃদ্ধি কার্যক্রম পরিচালনা করে আসছে। তিনি জানান এ জেলায় মোট ৯ টি প্রকল্প চলমান। নভেম্বর-২০২৫ মাসে স্পন্সরশিপ সার্ভিস প্রকল্পের আওতায় ১০ জন শিশুকে ১৬,২০০ টাকা দিয়ে জরুরি সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়াও ১০ জন শিশুকে ৩৮,৩৯৪ টাকা দিয়ে প্রত্যেক শিশুকে উপহার সামগ্রী প্রদান করা হয়েছে। ১,৪১৪ জন শিশুকে শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে। তিনি আরও জানান যে, স্বাস্থ্য কার্যক্রমের আওতায় ১,৪৯৩ জন শিশুকে এমবিবিএস ডাক্তারের মাধ্যমে হেলথ চেক আপ এবং একটি বিশেষ ক্যাম্পেইনের মাধ্যমে ২২২ টি পরিবারকে পুষ্টিকর খাবার ও হাইজিন উপকরণ, ১,৪৯৩ জন শিশুকে হাইজিন উপকরণ এবং ২০৯ জন কিশোরীকে স্যানেটারি ন্যাপকিন বিতরণ করা হয়েছে। এছাড়াও ২ জন শিশুকে ১০,৮১২ টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |

| ক্রম | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ৬ | ওয়ার্ল্ড ভিশন, কুড়িগ্রাম | ওয়ার্ল্ড ভিশন, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় জানান, কুড়িগ্রাম সদর উপজেলায় নর্দান বাংলাদেশ রিজিওনাল ইনটিগ্রিটি কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট, ফেইজ-২ প্রকল্প চলমান। এ প্রকল্পের আওতায় হতদরিদ্র ও দরিদ্র পরিবার, দুর্দশাগ্রস্থ শিশু, প্রতিবন্ধী শিশু, অপুষ্ট শিশু গর্ভবতী ও দুগ্ধদানদকারী মা উপকারভোগী হবেন। নভেম্বর-২০২৫ মাসে কর্ম এলাকায় ৩৪ জন শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিতকরণ করা হয়েছে। বাল্য বিবাহ বন্ধে সহযোগিতার সংখ্যা-০৪ টি। এছাড়াও সচেতনতামূলক বিভিন্ন সেশন আয়োজন করা হয়েছে। |
| ৭ | আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রাম | আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান এ জেলায় মোট ০৭ টি প্রকল্পের কাজ চলমান। কুড়িগ্রাম জেলার ০৬টি উপজেলায় (কুড়িগ্রাম সদর, রাজারহাট, উলিপুর, চিলমারী, রৌমারী ও চর রাজিবপুর) চাইল্ড, নট ব্রাইড (সিএনবি) প্রকল্পটি চলমান রয়েছে। প্রকল্পের অন্যতম উদ্দেশ্য হলো কুড়িগ্রাম জেলায় বাল্য বিবাহ কমিয়ে আনা। নভেম্বর-২৫ মাসে যুব ফোরামের সাথে বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ক সংলাপ অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও বিভিন্ন প্রকল্পের আওতায় সভা ও প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম পরিকল্পনা অনুযায়ী চলমান রয়েছে। |
| ৮ | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল বাংলাদেশ, কুড়িগ্রাম | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান এ জেলায় মোট ০২ টি প্রকল্প চলমান। তন্মধ্যে কুড়িগ্রাম সদর ও উলিপুর উপজেলায় "দারিদ্র বিমোচন এবং মূলধারায় যোগদানের মাধ্যমে বাংলাদেশের কুড়িগ্রাম জেলার নারী/মেয়ে এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনযাত্রার মান উন্নতকরণ প্রকল্প" নামে ১ টি প্রকল্প চলমান। যার চলতি মাসে অগ্রগতি ৬০.৬৬% এবং Reducing Vulnerability, Improvement Liveihood and Disaster Preparedness of the most at Risk Community in Flood-Prone Bangladesh নামে একটি প্রকল্প চলমান। যার চলতি মাসে অগ্রগতি ১১.৬২%। তিনি আরও জানান যে, অক্টোবর-২০২৫ মাসে AC-6 প্রজেক্টের আওতায় ৬ জন প্রতিবন্ধী ব্যক্তিকে জনকে সহায়ক উপকরণ বিতরণ করা হয়, ১৫ জন উপকারভোগীকে মানসিক স্বাস্থ্য ও মনোসামাজিক সেবা ও কাউন্সিলিং প্রদান, ১৬ জন প্রতিবন্ধী ব্যক্তিকে পুনর্বাসন সেবা ও ফলোআপ সেবা প্রদান এবং ১৭ জন উপকারভোগীর কারিগরি প্রশিক্ষণ-টিভেট চলমান রয়েছে। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ৯ | কেডিএবি, কুড়িগ্রাম | কেডিএবি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় নভেম্বর-২০২৫ মাসের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। এসময় তিনি জানান বর্তমানে কেডিএবি-কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট কার্যক্রম চিলমারী ও উলিপুর উপজেলায় চলমান রয়েছে। চিলমারী উপজেলায় একটি প্রাথমিক বিদ্যালয়ে ২৪৬ জন ও একটি মাধ্যমিক বিদ্যালয়ে ৩২০ জন শিক্ষার্থীদের অধ্যয়ন কার্যক্রম দেশী/বিদেশী শিক্ষক দ্বারা পরিচালিত হচ্ছে। অপরদিকে উলিপুর উপজেলায় একটি প্রাথমিক বিদ্যালয়ে ২০৪ জন ও একটি মাধ্যমিক বিদ্যালয়ে ২৪৬ জন শিক্ষার্থীদের অধ্যয়ন কার্যক্রম দেশী/বিদেশী শিক্ষক দ্বারা পরিচালিত হচ্ছে। উভয় উপজেলায় ২০টি কম্পিউটারবিশিষ্ট ল্যাবে মাল্টিমিডিয়া সিস্টেমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। কুষ্ঠরোগী পুনর্বাসনের ব্যবস্থা করা হচ্ছে। দুঃস্থ ও গরীব পরিবারের সন্তানদের জন্য মানসম্মত প্রাথমিক ও নিম্নমাধ্যমিক শিক্ষা ব্যবস্থা চালু রয়েছে। সাধারণ চিকিৎসা সেবার মাধ্যমে চিলমারী উপজেলায় ৭৫ জন এবং উলিপুর উপজেলায় ৯০ জনকে চিকিৎসা সেবা দেওয়া হয়েছে। এছাড়াও, সাধারণ চিকিৎসা সেবা ৯৫ জনকে চিকিৎসাসেবা প্রদান করা হয়। |
| ১০ | ইসলামিক রিলিফ বাংলাদেশ | ইসলামিক রিলিফ বাংলাদেশ এর প্রজেক্ট ম্যানেজার সভায় জানান, অক্টোবর-২০২৫ মাসে কুড়িগ্রাম জেলায় ১২০০ অতিদরিদ্র্য উপকারভোগীর মাঝে জন প্রতি ২,৪০০০ টাকা বিশেষ জীবিকায় সহায়তা ভাতা প্রদান, ১,৬৫০ টি গরুকে ৩১ টি ক্যাম্পের মাধ্যমে তড়কা রোগের টিকা প্রদান, ২৪০ টি স্বনির্ভর দলের মাধ্যমে ৬,০০০ জন উপকারভোগীদের উঠান বৈঠকের মাধ্যমে নারী ও অধিকার, শিশু নির্যাতন বন্ধ এবং বাল্য বিবাহ বিষয়ে সচেতনতামূলক আলোচনা চলমান। এ ছাড়াও পরিকল্পনা অনুযায়ী অন্যান্য কার্যক্রমের কাজ চলমান রয়েছে। |
| ১১ | উদয়াঙ্কুর সেবা সংস্থা (ইউএসএস), কুড়িগ্রাম | উদয়াঙ্কুর সেবা সংস্থা (ইউএসএস), কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান উদয়াঙ্কুর সেবা সংস্থা (ইউএসএস), কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলায় একশনএইড বাংলাদেশ এর সহযোগিতায় ওমেন ইনিশিয়াটিভস ফর কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট বাস্তবায়ন করছে। তিনি আরও জানান অক্টোবর-২০২৫ মাসে সুরক্ষা নিশ্চিত করতে ২৮ জন মেয়েশিশুকে ৭ দিনব্যাপী কারাতে প্রশিক্ষণ প্রদান, শিশু অধিকার সপ্তাহ ২০২৫ উদযাপন উপলক্ষ্যে শিশুদের সুরক্ষায় মেয়েশিশুদের প্রীতি ফুলবল ম্যাচ অনুষ্ঠিত হয়েছে যেখানে ৫০০ শিশু অংশগ্রহণ করেন একই সাথে বাল্যবিবাহ না করার অঙ্গীকার গ্রহণ, কর্মসূচি প্রণয়নে অংশগ্রহণ বৃদ্ধিতে অধিকারভোগীদের সাথে ২২টি সভা, হিউম্যানিটারিয়ান রেসপন্স এন্ড পিস বিল্ডিং বিষয়ক ১টি প্রশিক্ষণ, সবুজ উদ্যোক্তা তৈরীতে ৬জন তরুণ-তরুণীকে সীড ফান্ড হিসেবে ৬০,০০০ টাকা অনুদান প্রদান, নদীভাঙ্গন রোধ ও স্থায়ী বেড়িবাধঁ নির্মাণে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, কুড়িগ্রাম এর কার্যালয়ের মূল ফটকে মানববন্ধন, জনগণের প্রত্যাশা ইলেকশন মেনুফেস্টোতে অন্তর্ভূক্ত করতে রাজনৈতিক দলের প্রার্থীদের সাথে ১টি সংলাপ অনুষ্ঠিত হয়েছে। |

চলমান পাতা-০৩

| ক্রম | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ১২ | সেন্টার ফর সোস্যাল ডেভলপম্যান্ট- (সিএসডিকে) | সিএসডিকে, কুড়িগ্রাম প্রতিনিধি সভায় জানান যে, কুড়িগ্রাম জেলায় মোট ৫ টি প্রকল্প চলমান। (১) ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি), (২) প্রাথমিক চিকিৎসা ও বিনামূল্যে ঔষধ বিতরণ প্রোগ্রাম, (৩) চর উদ্যোগ প্রকল্প, (৪) বিনামূল্যে অপারেশন প্রকল্প, (৫) গ্রামীণ অর্থনীতিতে ছাগল পালন ও বিতরণ কর্মসূচি। অক্টোবর-২০২৫ মাসে চর উদ্দ্যোগ প্রকল্পের আওতায় চর রাজিবপুর উপজেলার কোদালকাটি ইউনিয়নে ১০ টি পরিবারের মাঝে ছাগল বিতরণ এবং রৌমারীর উপজেলার চর ফুলুয়ার গ্রামে ১০ টি পরিবারের মাঝে ছাগল বিতরণ করা হয়, প্রাথমিক চিকিৎসা ও বিনামূল্যে ঔষুধ বিতরণ প্রোগ্রামে প্রত্যক্ষ উপকারভোগীর সংখ্যা ২৮,০০০ জন। ভালনারেবল উইমেন বেনিফিট উপকারভোগীর সংখ্যা ২,৪৩৬ জন। রৌমারী উপজেলার ফুলুয়ারচর গ্রামে ১০ টি দরিদ্র পরিবারের মাঝে ছাগল বিতরণ করা হয়েছে। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান আছে। |
| ১৩ | ব্র্যাক, কুড়িগ্রাম | ব্র্যাক, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে, বর্তমানে কুড়িগ্রাম জেলায় ব্র্যাকের ০৯ (নয়) টি কর্মসূচি চলমান রয়েছে। ১. মাইক্রোফিন্যান্স কর্মসূচি, ২. ব্র্যাক শিক্ষা কর্মসূচি, ৩. ব্র্যাক স্বাস্থ্য কর্মসূচি, ৪. সামাজিক ক্ষমতায়ন ও আইনি সুরক্ষা কর্মসূচি, ৫. অতিদরিদ্র কর্মসূচি, ৬. জেন্ডার জাস্টিস ও ডাইভারসিটি, ৭. এসডিপি, ৮. জাতীয় যক্ষা নিয়ন্ত্রণ কর্মসূচি এবং ৯. সমন্বিত উন্নয়ন কর্মসূচি। তিনি আরো জানান যে, ২৪০ টি স্কুলের মাধ্যমে ৬,০০০ জন শিক্ষার্থী নিয়ে সমগ্র জেলাজুড়ে ব্র্যাক শিক্ষা কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। এছাড়াও ব্র্যাক স্বাস্থ্য কর্মসূচির আওতায় সমগ্র জেলাজুড়ে দরিদ্র নবজাতক, মা ও শিশুর স্বাস্থ্য উন্নয়ন ও শিশু মৃত্যুহার কমানোর লক্ষ্যে ২৯, ৩০০ টি খানা পরিদর্শনসহ বিভিন্ন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। তিনি আরো যোগ করেন, সামাজিক ক্ষমতায়ন ও আইনি সুরক্ষা কর্মসূচির আওতায় ২০ টি অভিযোগ গ্রহণ করা হয়েছে। জেন্ডার জাস্টিস ও ডাইভারসিটি কর্মসূচির আওতায় ৩০ জন অংশগ্রহণকারীকে নিয়ে ৩ টি ব্যাচে জেন্ডার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এসডিপি কর্মসূচির আওতায় কুড়িগ্রাম সদর এবং ভূরুঙ্গামারী উপজেলায় FGD এর মাধ্যমে ৬০ জন প্রশিক্ষণার্থীদের নিয়ে ৫টি ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান। |
| ১৪ | বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রাম | বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে, সেপ্টেম্বর-২০২৫ মাসে তৃণমূলে সংগঠন সংহত করি গনতন্ত্র, সুশাসন ও সমতাভিত্তিক সমাজ প্রতিষ্ঠার সংগ্রাম শক্তিশালী করি এই শ্লোগানকে সামনে রেখে বাংলাদেশ মহিলা পরিষদ কুড়িগ্রাম জেলা শাখা ১ সেপ্টেম্বর হতে ২৫ সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। সাংগঠনিক মাসের উদ্বোধন, সদস্য সংগ্রহ,নবায়ন ও আলোচনা সভা, তৃণমূলে ও পাড়া শাখায় কর্মী সভা, নারী আন্দোলন ও বাংলাদেশ মহিলা পরিষদ বিষয়ে তরুণীদের সাথে মতাবনিময় সভা, বিভিন্ন পেশাজীবীদের সাথে মতবিনিময় সভা, সাংগঠনিক মাসের সমাপনী অনুষ্ঠান উপলক্ষে আলোচনা সভা, সাংস্কৃতি অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ করা হয়েছে। তিনি আরও জানান যে, তরুণীদের নিয়ে পাঠচক্র করা হয় । তৃণমূলে নারীদের নিয়ে নারীর ক্ষমতায়নের লক্ষ্যে সচেতনতা ও দক্ষ্যতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষন করা হয়েছে। এয়াড়াও বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে সচেতনতা বুদ্ধি মূলাক আলোচনা সভা, পারিবারিক সহিংসতা প্রতিরোধ ও সুরক্ষা আইন ২০১০ বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ১৫ | ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রাম | ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান সংস্থাটি কুড়িগ্রাম জেলার হতদরিদ্র ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জন্য কাজ করে আসছে। এ জেলার রাজারহাট, উলিপুর, রৌমারী, চর রাজিবপুর, ভূরুঙ্গামারী ও চিলমারী ৬টি উপজেলায় তাদের কার্যক্রম চলমান। প্রকল্পসমূহ হলো: (১) সেন্টার ফর সোস্যাল ডেভেলপমেন্ট কুড়িগ্রাম (CSDK) (২) সোসাইটি ফর পিপলস ইনিসিয়েটিভস (SPI) এবং (৩) রংপুর হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (RHRDF) প্রকল্প চলমান রয়েছে। প্রকল্পের উপকারভোগীর সংখ্যা ১২,৬০০ জন, শিক্ষা কেন্দ্র/শিখন কেন্দ্রের সংখ্যা ৪২০টি, বই বিতরণ ১২,৬০০ সেট, শিক্ষক ও সুপারভাইজার সহায়িকা বই বিতরণ ৪৫০ সেট, বেজলাইন ডাটা এন্ট্রি ওরিয়েন্টেশন ২টি, উঠান বৈঠক ২০টি এবং ৬টি উপজেলায় সচেতনতামূলক মাইকিং করা হয়েছে। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ১৬ | বকুলতলী মহিলা সংসদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | বকুলতলী মহিলা সংসদ, ভূরুঙ্গামারী কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান তার প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব অর্থায়নে (১) প্রাথমিক শিক্ষা, (২) উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা, (৩) সুপারী নার্সারী ও মৎস্য চাষ, (৪) বিএমএস স্কুল ইমপ্রুফমেন্ট, এবং (৬) সচেতনতা কার্যক্রম প্রকল্পের কাজ চলমান রয়েছে। তিনি আরো জানান যে, সচেতনতা কার্যক্রমের আওতায় বাল্য বিবাহ সংক্রান্ত ০৩ টি উঠান বৈঠক আয়োজন করা হয়েছে। এছাড়াও এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ১৭ | ব্যুরো বাংলাদেশ, কুড়িগ্রাম | ব্যুরো বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে, অক্টোবর-২০২৫ মাসে কুড়িগ্রাম জেলায় ডিজিটাল লেনদেন ৭,৮৮৯ টি হয়েছে। ৪০ টি পরিবারের মাঝে ৪০ টি স্মার্ট ফোন প্রদান করাসহ দারিদ্র্য বিমোচন এবং জীবন যাত্রার মানোন্নয়নে দরিদ্র জনগোষ্ঠীকে স্বাবলম্বী করার লক্ষ্যে ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করা হয় এবং ৯,০১,৮০৫ টাকা রেমিটেন্স প্রদান করা হয়েছে। এছাড়াও সুবিধা বঞ্চিত মানুষের নিরাপদ ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কৃষিভিত্তিক প্রশিক্ষণ, পানি ও পয়ঃনিষ্কাশন এবং দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। |

চলমান পাতা-০৪

| ক্রম | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ১৮ | ফুল, কুড়িগ্রাম | ফুল, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান এ জেলায় ২০১৪ সাল থেকে শিক্ষা, স্বাস্থ্য ও গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন নিয়ে কাজ করে আসছে। অক্টোবর-২০২৫ খ্রি. মাসে কুড়িগ্রাম জেলাধীন নাগেশ্বরী উপজেলার বামনডাঙ্গা ইউনিয়নের প্রত্যন্ত অঞ্চলে ১ টি ১০ টাকার মেডিকেল ক্যাম্প পরিচালনা করে বিশেষজ্ঞ চিকিৎসক দ্বারা ৫০ জনকে চিকিৎসা পরামর্শ ও মেডিকেল চেকআপ সেবা প্রদান, ১০ টাকার হাসপাতাল, নাগেশ্বরীর মাধ্যমে বিশেষজ্ঞ চিকিৎসক দ্বারা ১৬৯ জন দরিদ্র রোগীকে মাত্র ১০ টাকা ভিজিটে চিকিৎসা পরামর্শ প্রদান, স্বল্প মূল্যে ১১১ জন দরিদ্র রোগীর রোগ নির্ণয় এবং কুড়িগ্রাম সদর উপজেলার দুটি প্রাথমিক বিদ্যালয়ের ৫০ জন শিক্ষার্থীকে ১ টাকায় শিক্ষা উপকরণ বিতরণ করা হয়। এয়াড়াও ফুলবাড়ী, নাগেশ্বরী ও কুড়িগ্রাম সদর উপজেলার মানসম্মত শিক্ষা প্রদানের লক্ষ্যে ১টি করে মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে। নিয়মিত উঠান বৈঠকের মাধ্যমে ৯৮ জন নারী পুরুষ কে স্বাস্থ্য-শিক্ষা বিষয়ক সচেতন করা হয়। |
| ১৯ | সলিডারিটি, কুড়িগ্রাম | সলিডারিটি, কুড়িগ্রামের প্রতিনিধি জানান যে, বর্তমানে নারীর ক্ষমতায়ন ও বাইসাইকেল প্রদান কার্যক্রম, চরের দরিদ্র মানুষের খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্পসহ মোট ৫টি প্রকলক্প চলমান রয়েছে। নভেম্বর-২০২৫ মাসে চরের দরিদ্র মানুষের খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্পে কুড়িগ্রাম জেলার ৯টি উপজেলায় ১৪৪ টি দলে ৩৮০ টি মিটিং সম্পন্ন করেছে। বাংলাদেশ হেলথ ওয়াচ প্রকল্পের আওতায় সিভিল সার্জন, ডাইরেক্টর, মেডিকেল অফিসারবৃন্দ ও অন্যান্য স্টেকহোল্ডাদের সাথে কুড়িগ্রাম সদর হাসপাতাল ও উলিপুর সদর হাসপাতালে সভা হয় ও চিকিৎসা ব্যাবস্থার উন্নতি নিয়ে ব্যাপক আলোচনা হয়। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ২০ | আশা, কুড়িগ্রাম | আশা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম সদর, নাগেশ্বরী, ভুরুঙ্গামারী, রাজারহাট, উলিপুর ও চিলমারী উপজেলায় ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও জেলায় সিজারিয়ান ডেলিভারী, জরায়ু টিউমার অপারেশন, চোখের ছানি অপারেশন, ব্রেষ্ট টিউমার অপারেশন, হাত-পা ভাঙ্গার ক্ষেত্রে অপারেশন, ব্রেন টিউমার, যে কোন ধরনের ক্যান্সার, হার্ট অপারেশন, কিডনী ড্যামেজ, প্যারালাইসিস, এসিড দগ্ধ, মেরুদেন্ডের অপারেশন, সদস্যর স্বামীর দূর্ঘটনা জনিত চিকিৎসা সহায়তাসহ সদস্য/স্বামী মারা গেলে ঋণ মওকুফ ও জমাকৃত টাকা দ্বিগুণ ফেরত, সৎকারের জন্য এককালীন ৫,০০০ (পাঁচ হাজার) টাকা প্রদান করা হয়। গরীব মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদানসহ আশা ইউনিভার্সিটিতে স্বল্প টাকায় লেখা-পড়ার সুযোগ রয়েছে। জেলার ১৫টি ব্রাঞ্চে প্রাথমিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। ১৫টি শিক্ষাকেন্দ্রের মাধ্যমে ৬,৭৫০ জন শিক্ষার্থীকে নিয়মিত পাঠদান করা হচ্ছে। রাজারহাট উপজেলায় নতুন করে স্বাস্থ্য কেন্দ্র খোলা হয়েছে যা ০১ জানুয়ারি ২০২৪ থেকে স্বল্প পরিসরে সেবা কার্যক্রম চলমান আছে। এছাড়াও, পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম অব্যাহত রয়েছে। |
| ২১ | এএফএডি, কুড়িগ্রাম | এএফএডি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম সদর ও উলিপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ৬টি প্রকল্প চলমান। যথা: ১. Resilience Strengthening of Vulnerable Populations in Northern, Western and Eastern Bangladesh Through a Network Approach of 5 partner Organisations ২. Empowering Vulnerable Women in kurigram, ৩. Towards Greater Effectiveness and Timeliness in Humanitarian Emergency Response, ৪. Empower II, ৫. Improved Quality of Life for Women/Girls and Person with Disability in Kurigram District, Bangladesh through Poverty Alleviation and Mainstreaming (AC-6) এবং ৬. SOCCHAR এই ৬টি প্রকল্পের মাধ্যমে প্রকল্প এলাকা হতে দরিদ্র নারী প্রধান পরিবার, কিশোরি, গর্ভবতী নারী, দুগ্ধ প্রদানকারী নারী, পরিত্যক্তা ও প্রতিবন্ধী ব্যক্তি এবং কমিউনিটি ব্যক্তিদের মাঝে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে। তন্মধ্যে মাসিক সভা, প্রশিক্ষণ, কর্মশালা, বসত-বাড়িতে সবজি চাষ, ভার্মি কম্পোষ্ট উৎপাদন, কমিউনিটি কনসালটেশন এবং চক্ষু শিবিরসহ বিভিন্ন কর্মসূচি আয়োজন করা হয়েছে। এছাড়াও, পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম অব্যাহত রয়েছে। |
| ২২ | গণ উন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রাম | গণ উন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, Shipting the Power to Grassroots Communities through Strengthening farmar Ied CSOs and improving their engagement in the sustainable develo process (SWABOL) Project এর আওতায় জাতীয় ও আন্তর্জাতিক দাতা সংস্থার মাধ্যমে দারিদ্র বিমোচন, নারীর ক্ষমতায়ন, শিক্ষার উন্নয়ন, দুর্যোগ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তন, পরিবেশ সুরক্ষা, প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়ন, যুবকদের কারিগরি প্রশিক্ষণ ও কর্মসংস্থান সৃষ্টি, ক্ষুদ্রঋণ কার্যক্রমসহ নানামুখী উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন চলমান রয়েছে। চলতি মাসে (নভেম্বর-২০২৫) প্রকল্পটির অগ্রগতি ১০০ শতাংশ। চলতি মাসে ১৪ টি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। |

চলমান পাতা-০৫

| ক্রম | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ২৩ | কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রাম | কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান মরিয়ম চক্ষু হাসপাতালের লক্ষ্য বঞ্চিত, অবহেলিত, হত দরিদ্র জনগোষ্ঠীর কল্যাণ সাধন করা। বর্ণিত সংস্থাটি ০৩টি প্রকল্পের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে থাকে। মরিয়ম চক্ষু হাসপাতাল কর্তৃক সেপ্টেম্বর, ২০২৫ মাসে ৩,২২১ জন রোগীর চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ৭৯২ জনের চোখের ছানি অপারেশন (কৃত্রিম লেন্সসহ) করা হয়েছে। ৩,২৪৯ জনের চশমার জন্য চোখের পরীক্ষা, ৪৮৭ জনকে ফ্রি চশমা বিতরণ করা হয়েছে। ২৭ জন গর্ভবতী মায়ের রেজিস্ট্রেশন, ৭৩ জন গর্ভবতী মায়ের চেক-আপ, ১৪২ জন মায়ের নিরাপদ প্রসব সম্পন্ন করা হয়েছে। ০২ জন গর্ভবতী মাকে টিটি টিকা ও ৯৭ জন শিশুকে ইপিআই টিকা প্রদান এবং ১৩৫ জন নবজাতকের রেজিস্ট্রেশন সম্পন্ন করা হয়েছে। তিনি আরও জানান এ জেলায় প্রতি বছর ৫,০০০ জন দরিদ্র ও হতদরিদ্র ছানী রোগীদের লেন্সসহ ছানী অপারেশন করা হয়। ভ্রাম্যমাণ চক্ষু শিবিরের মাধ্যমে কুড়িগ্রাম জেলা সকল উপজেলার প্রত্যেকটি ইউনিয়নে বিনামূল্যে চক্ষু ক্যাম্প আয়োজন করা হয়। এক্ষেত্রে প্রত্যেক ছানী রোগীর ৫০% (৮০০ টাকায়) এবং বাকি ৫০% বিনামুল্যে লেন্সসহ ছানী অপারেশনের ব্যবস্থা করা হয়। |
| ২৪ | সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রাম | সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রামের প্রতিনিধি টিআইবি এরিয়া কোর্ডিনেটর সভায় জানান, কুড়িগ্রাম সদর উপজেলায় ৫ বছর মেয়াদী Participatory Action against Corruption: Towards Transparency and Accountability (PACTA) প্রকল্পের কাজ চলমান রয়েছে। এমাসে যার অগ্রগতি ৮২%। এমাসে সনাক, ইযেসসভা ও একটিভ সিটিজেন্স গ্রুপের অভ্যন্তরীন সভা হয়েছে ১১টি। ১০ টি প্রতিষ্ঠানে কমিউনিটি মনিটরিং এর মাধ্যমে প্রতিষ্ঠানগুলোর সেবা প্রদানের ঘাটতি এবং সীমাবদ্ধতা যাচাই করা হয়েছে। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য **কার্যক্রম** চলমান রয়েছে। |
| ২৫ | ওয়ার্ল্ড কনসার্ন বাংলাদেশ | ওয়ার্ল্ড কনসার্ন বাংলাদেশ প্রজেক্ট ম্যানেজার সভায় তাদের সংস্থার কার্যক্রম উপস্থাপন করেন। প্রত্যাশা (প্রোটেকটিং ওম্যান এন্ড চিল্ড্রেন ফ্রম এবিউজ থ্রো সেল্প-হেল্প এপ্রোচ) চিলমারী উপজেলার থানাহাট, রমনা ও রানীগঞ্জ ইউনিয়নে কার্যক্রম চলমান রয়েছে। চলতি মাসে প্রকল্পটির অগ্রগতি ১০০%। উক্ত প্রকল্পের আওতায় ১ টি দলে ২৪ জন শিশু সুরক্ষা কমিটির সদস্যদের নিয়ে তাদের দায়িত্ব-কর্তব্য বিষয়ে প্রশিক্ষণ প্রদান, ৩ টি দলে ৬৯ জন অভিভাবককে নিয়ে শিশু লালন-পালনের উপর প্রশিক্ষণ প্রদান, ১১৯ টি দলে ২০২৯ আত্ম-সহায়ক দলের সদস্যকে বন্যার আগে, বন্যার সময় ও বন্যার পরে করণীয় সমন্ধে আলোচনা করা হয়। এছাড়াও বিভিন্ন বিষয়ে সচেতনতামূলক উঠান বৈঠক করা হয়। |
| ২৬ | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকে এস) উলিপুর, কুড়িগ্রাম | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) এর প্রতিনিধি সংস্থার চলমান প্রকল্পসমূহের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন সংস্থাটি বিভিন্ন দাতা গোষ্ঠির সহায়তায় কুড়িগ্রাম জেলার বিভিন্ন উপজেলায় উল্লেখিত প্রকল্পসমূহ বাস্তবায়ন করছে যেমন; ১) অগ্রযাত্রা, ২) স্পন্সরশীপ প্রোগ্রাম, ৩) এনআরকে টেলিথন-চাইল্ড নট ব্রাইড (CNB) প্রজেক্ট, ০৪) থ্রাইভিং থ্রু ইকুইটি, ইকোনমিক ইমপাওয়ারমেন্ট এন্ড ক্লাইমেট রেজিলিয়েনস (THRIVE) প্রজেক্ট, ৫) কমিউনিটি বেজড রেজিলিয়েন্স, ওমেন ইমপাওয়ারমেন্ট এন্ড একশন (CREA) প্রজেক্ট, ০৬) এডুকেশনাল প্রোসপেক্টস্ ফর চিলড্রেন ফ্রম মারজিনালাইজড গ্রুপস-কোয়ালিটি এডুকেশন, সেফ স্কুলস, একটিভ সিভিল সোসাইটি (SATIRTHO),০৭) রিডিউসিং ভালনারেবল ইমপ্রুভিং লাইভলিহুড এন্ড ডিজেস্টার প্রিপারেডনেস অব দ্য মোস্ট এট রিষ্ক কমিউনিটিস ইন ফ্লাড প্রোন বাংলাদেশ প্রকল্প । অত্র সংস্থা কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমুহের মাধ্যমে নভেম্বর-২০২৫ মাসে কুড়িগ্রাম সদর উপজেলার পাঁচগাছী ও যাত্রাপুর ইউনিয়নে বাল্যবিবাহ প্রতিরোধে সহায়তা বাবদ মোট ২ জন কিশোরীকে ছাগল ক্রয় করার জন্য ৬০০০/- টাকা করে মোট ১২০০০/- টাকা প্রদান করা হয়েছে এবং ২ জনকে সেলাই মেশিন ক্রয় বাবদ ৬০০০/- টাকা করে মোট ১২০০০/- টাকা দেয়া হয়েছে, যা দ্বারা তারা তাদের পড়াশোনা চলমান রাখতে পারে এবং নিজেকে প্রতিষ্ঠিত করে সমাজের গঠনমুলক কাজে নিজেকে নিয়োজিত করতে পারে। নারী নির্যাতন বন্ধে ১ জন নারীকে ১টি ছাগল ক্রয় করার জন্য ৪০০০/- টাকা প্রদান করা হয়েছে। যাতে সে তার পরিবারে আয় বাড়াতে পারে এবং পারিবারিক দ্বন্দ্ব নিরসনে সক্ষম ভুমিকা পালন করতে পারে। নাগেশ্বরী উপজেলায় ৭৫ জন উপকারভোগীকে ৮,৩৪,৪৫০/- টাকায় ১৫৩ টি ছাগল ক্রয় করে দেওয়া হয়েছে। নাগেশ্বরী উপজেলার কালীগঞ্জ বল্লভেরখাস ও কচাকাটা ইউনিয়নের ১০০০ জন শিক্ষার্থীর মাঝে ১৩৫০০০/- টাকার রং পেন্সিল বিতরন করা হয়েছে। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ২৭ | টেরেডেস হোমস্ হাসপাতাল রোড, কুড়িগ্রাম | টেরেডেস হোমস্, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারী উপজেলায় Sport for Protection, Resilience and Transformation (SpiRit) নামে একটি প্রকল্প চলমান। এ প্রকল্পে লক্ষিত উপকারভোগী ৭,৫৬০ জন। তিনি আরও জানান যে, নভেম্বর-২৫ মাসে ১৪ টি ইউনিয়নে ২৮ টি ফরমাল ও নন-ফরমাল খেলার মাঠকে নিরাপদ খেলার মাঠ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সংস্কার কাজ করা হয়। এছাড়াও প্রকল্প সংশ্লিষ্ট উপকারভোগী, তাদের অভিভাবকসহ অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে মোট ১৬৮ টি দলের কমিউনিটি সচেতনতামূলক সভা, ৫০ জন স্টাফকে ফুটবল ফর প্রোটেকশন ও ৩০ জন স্টাফকে হ্যান্ডবল ফর প্রোটেকশন বিষয়ে মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |

চলমান পাতা-০৬

| ক্রম | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ২৮ | টিএমএসএস, কুড়িগ্রাম | টিএমএসএস, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে, বর্তমানে কুড়িগ্রাম জেলায় সকল প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। মৌসুম ভিত্তিক ফসল, কৃষিজ পণ্য উৎপাদন, গবাদী পশু পালন ও বাজারজাতকরণ ঋণ ও কারিগরি সহায়তা প্রদান করা হয়েছে। প্রতিবন্ধীদের পূর্ণবাসন ও আয়মূলক কার্যক্রমের জন্য অনুদান, প্রশিক্ষণ ও কারিগরি সহায়তা প্রদান এবং ছাগল পালন করার কার্যক্রম চলমান। দরিদ্র রোগীদের বিনামূল্যে উন্নত চিকিৎসা প্রদান করাসহ দরিদ্র বেকার যুবকদের স্ব-কর্মসংস্থান ও মজুরী ভিত্তিক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রয়েছে। এছাড়াও দরিদ্র কৃষকদের মাঝে উন্নতমানের বীজ ও সার বিতরণ করা হয়েছে। এ যাবত কুড়িগ্রাম জেলায় ঋণ বিতরণ (ক্রমপুঞ্জীভূত) ১,৬৭,৭৭২ জন এবং ঋণ আদায়ের হার (এ পর্যন্ত) ৯৫.৬৮ শতাংশ। |
| ২৯ | সন্ধান, কুড়িগ্রাম | সন্ধান, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান সন্ধান, কুড়িগ্রাম বর্তমানে নিজস্ব অর্থায়নে ছাগল ও হাঁস-মুরগি পালন, শাক-সবজি চাষ এবং নার্সারির কার্যক্রম বাস্তবায়ন করছে। এছাড়াও বাল্য বিবাহের উপর সচেতনতামূলক উঠান বৈঠক করা হয়েছে। |
| ৩০ | গ্রাম উন্নয়ন কেন্দ্র | গ্রাম উন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, বর্তমানে নিজস্ব অর্থায়নে ছাগল ও হাঁস-মুরগি পালন, শাক-সবজি চাষ করছে। এছাড়াও বাল্য বিবাহের উপর ৩ দিনব্যাপী ১০ জন হতদরিদ্র নারিকে প্রশিক্ষণ প্রদান ও সচেতনতামূলক উঠান বৈঠক করা হয়েছে। |
| ৩১ | মানসিকা, কুড়িগ্রাম | মানসিকা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান এ জেলায় বর্তমানে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুশাসন নিশ্চিতকরণের সক্ষমতা বৃদ্ধি নামে ০১ টি কর্মসূচি চলমান। এ প্রকল্পে ২০০০ জন উপকারভোগী রয়েছেন। চলতি মাসে প্রকল্পটির অগ্রগতি ১০০ শতাংশ। |
| ৩২ | এসওএস চিলড্রেনস ভিলেজ | এসওএস চিলড্রেনস ভিলেজ প্রতিনিধি সভায় জানান, এসওএস পরিবার শক্তিশালীকরণ কর্মসূচী নামে একটি প্রকল্প চলমান। বর্তমানে ৩৭৫ টি পরিবার থেকে ৪১১ জন শিশু এই প্রকল্পের আওতায় সুবিধা পাচ্ছে। কুড়িগ্রাম সদর উপজেলার উৎসাহীপুর কেরামতিয়া বালিকা দাখিল মাদ্রাসায় **জাতীয় কন্যা শিশু দিবস** উপলক্ষে ষষ্ঠ-দশম শ্রেণিকে দুই ভাগে ভাগ করে 'নারী ও কন্যা শিশুর অধিকার সম্পর্কে' রচনা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ করা হয়। তিনি আরও জানান সদর উপজেলার ১৪৭ টি পরিবার ও রাজারহাট উপজেলার ২২৮ টি পরিবারের ও মাঝে পরিষ্কারক সামগ্রী (সাবান,ডিটারজেন্ট,স্যানিটারি ন্যাপকিন ) বিতরণ করা হয় এবং সদর উপজেলায় ১৮২ টি ও রাজারহাট উপজেলার ২২৯ টি শিশুদের মাঝে শিক্ষা উপকরণ (খাতা, কলম ও জ্যামিতি বক্স, বই) ও ১৬৬ জন শিশু ও যুবকদের পুষ্টিকর খাবার (দুধ, খেজুর, নুডুলস) বিতরণ করা হয়। এছাড়াও এসওএস পরিবার শক্তিশালীকরণ কর্মসূচি কুড়িগ্রামের সেল্ফহেল্প গ্রুপ এর মিটিংয়ে বাল্যবিবাহ কুফল ও প্রতিরোধ বিষয়ক ১২ টি উঠান বৈঠকসহ সচেতনতামূলক বিভিন্ন সেশন আয়োজন করা হয়। |
| ৩৩ | গরীব উন্নয়ন সংস্থা , কুড়িগ্রাম | গরীব উন্নয়ন সংস্থা , কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, " winterisation 2024-2025" এর আওতায় শীতের প্রকোপ এবং শৈত্য প্রবাহ থেকে রক্ষা করার নিমিত্তে কুড়িগ্রাম জেলায় চিলমারী উপজেলার চিলমারী ইউনিয়নে ৪৫১ পরিবার ও নয়ারহাট ইউনিয়নে ৪৫১ পরিবারের মাঝে পরিবার প্রতি ২টি কম্বল, ২টি শাল এবং ১টি সোয়েটার স্থানীয় প্রশাসনের সার্বিক সহযোগীতায় ২৪ ও ২৫ নভেম্বর ২০২৪ সম্পুর্ন করা হয়েছে। বাল্য বিবাহ প্রতিরোধে সচেতনতা মুলক আলোচনা উঠান বৈঠক ১২ টি, স্বাস্থ্য সম্মত পানী পান করা ও স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহারে গ্রামীন জনগোষ্ঠিকে সচেতনতা মুলক আলোচনা উঠান বৈঠক ১২ টি, মাদকাসাক্ত প্রতিরোধে সচেতনতা মুলক আলোচনা উঠান বৈঠক ১২ টি, বিভিন্ন পাবলিক প্লেসে : মানব দেহে মাদকের ক্ষতিকর প্রভাব সম্পর্কে বিল বোর্ড স্থাপন উঠান বৈঠক ১০০টি, কাজ সম্পন্ন করেছে। |

৩০.১১.২৫

(রুপচাঁদ)
সহকারী কমিশনার
সাধারণ শাখা
ও
সদস্য-সচিব
জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
কুড়িগ্রাম

.............................................................

............................................, কুড়িগ্রাম